

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -৩৪০৭(আগরতলা, ৩।১)

উদয়পুর, ৩ জানুয়ারী ২০১৮

প্রজাতন্ত্র দিবস : উদয়পুরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

প্রতি বছরের মতো এ বছরও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে উদয়পুর জেলা সদরে প্রজাতন্ত্র দিবস পালন করা হবে। এই উপলক্ষ্যে গোমতী জেলা শাসকের কনফারেন্স হলে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা শাসক র্যাভেল হেমেন্দ্র কুমার। সভায় আলোচনার পর ২১ জানুয়ারী থেকে ২৬ জানুয়ারী পর্যন্ত বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ২১ জানুয়ারী পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে উদয়পুর টাউন হলে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়া কে বি আই মাঠে বাস্কেটবল প্রতিযোগিতা, সন্ধ্যায় সমস্ত সরকারী অফিসে আলোকসজ্জা করা হবে। ২৩ জানুয়ারী ভোরে প্রভাতফেরী করা হবে। সকাল সাড়ে আটটা থেকে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে শোভাযাত্রা উদয়পুর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। ২৪ জানুয়ারী কে বি আই-এ যোগাসন প্রতিযোগিতা, উদয়পুর টাউন হলে দশম ও একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে ভারতের সংবিধান, মহিলা নির্যাতন ও মানবাধিকারের উপর কুইজ প্রতিযোগিতা, গামারিয়া স্কুলে কাবাডি প্রতিযোগিতা, স্পোর্টিং ক্লাবে ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২৫ জানুয়ারী রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২৬ জানুয়ারী প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠান হবে কে বি আই মাঠে। এ দিন ভোরে প্রভাতফেরীর মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হবে। সূর্যোদয়ের সাথে সাথে সমস্ত বেসরকারী বাসগৃহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৭টায় সমস্ত সরকারী অফিস সমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল সাড়ে সাতটায় নেহেরু সুপার মার্কেটে গান্ধীজীর প্রতিকৃতিতে মান্যদান করে শ্রদ্ধা জানানো হবে, সকাল ৯ টায় উদয়পুর কে বি আই মাঠে মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। পরিবেশিত হবে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়া এ দিন জেলা হাসপাতাল, জেলা কারাগার, মহকুমা হাসপাতাল, অনাথ আশ্রম, শিশুগৃহ, কল্যাণ আশ্রমের আবাসিকদের মধ্যে মিষ্টি ও ফল বিতরণ করা হবে। সন্ধ্যায় রাজর্ষি হলে আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

জি এস